অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন, নিউ ইয়র্ক জুড়ে উচ্চ-প্রয়োজন সম্পন্ন স্কুল জেলায় প্রাক-কে কর্মসূচি স্থাপনের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ

গভর্নরের প্রতিশ্রুতি মত অর্থায়ন উপলব্ধ করা হয়েছে 2019 এর স্টেট অফ দ্য স্টেটে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক জুড়ে তিন-চার বছর বয়সী শিক্ষার্থীদের জন্য প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রাম প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে 15 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন উপলব্ধ বলে ঘোষণা করেছেন। যে সমস্ত উচ্চ-প্রয়োজনের স্কুলের বর্তমানে রাজ্যের অর্থায়িত প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রাম নেই তাদের অর্থায়নের অগ্রাধিকার দেওয়া হবে।

"প্রতিটি শিশুর একটি মানক শিক্ষা প্রাপ্য প্রথম পর্যায় থেকে শুরু করে, এবং এই গুরুত্বপূর্ণ অর্থায়ন সব চেয়ে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়ের ছাত্রদের সাফল্যলাভের জন্য প্রয়োজনীয় প্রোগ্রামের অ্যাক্সেস নিশ্চিত করতে সাহায্য করবে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের শিক্ষার্থীদের উদ্দেশ্যে এই স্মার্ট বিনিয়োগ করে আমরা আমাদের রাজ্যের ভবিষ্যতেও বিনিয়োগ করছি এবং সবার জন্য এক শক্তিশালী নিউ ইয়র্ক গড়তে সহায়তা করছি।"

"সাশ্রয়ী উন্নত মানের শিক্ষার সুযোগ পাওয়া গুরুত্বপূর্ণ, বিশেষ করে অল্প বয়সে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "পুরো প্রদেশে প্রাক-কে-প্রোগ্রাম তহবিল জরুরি প্রয়োজন আছে এমন স্কুল ডিসট্রিক্টে এই সুবিধার ব্যবস্থা করবে এবং প্রতিটি শিশু যাতে সমান সুযোগ পায় তা নিশ্চিত করবে। সব শিশু এবং পরিবারের জন্য কম বয়সেই শিক্ষার ব্যবস্থা করে তাদেরকে ভবিষ্যৎ সাফল্যের পথে নিয়ে আসার জন্য অঙ্গীকারবদ্ধ।"

2011 সাল থেকে গভর্নর কুওমো নিউ ইয়র্কের কমবয়সীদের শিক্ষার ভবিষ্যৎ উন্নত করার জন্য তাদের কমবয়সীদের শিক্ষার ব্যবস্থা করতে প্রদেশের যে অঙ্গীকার তা দ্বিগুণের অধিক বৃদ্ধি করেছেন। 2013 সালে গভর্নর কুওমো রাজ্যের অর্থায়িত প্রথম পূর্ণ-দিবস প্রাক-কিন্ডারগার্টেন আসনসমূহ তৈরি করেন এবং 2015 সালে নিউ ইয়র্ক প্রথমবারের মতো তিন বছর বয়সীদের পরিষেবা প্রদান করার জন্য প্রাক-কিন্ডারগার্টেনকে সম্প্রসারিত করে। এখন প্রাক-কিন্ডারগার্টেনের জন্য নিউ ইয়র্কের বার্ষিক অঙ্গিকারবদ্ধতার পরিমাণ 800 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, যা প্রতিবছর 120,000 তিন-চার বছর বয়সী শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, এবং সার্বিক প্রাক-কিন্ডারগার্টেন পরিবারগুলির জন্য বিনামূল্যে প্রদান করা হচ্ছে।

এই অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক জুড়ে স্কুল ডিস্ট্রিক্টগুলিতে নবীনতম শিক্ষার্থীদের সহায়তা প্রদান করার জন্য প্রচেষ্টা অবিরত রাখা যেতে পারে প্রাক-কিন্ডারগার্টেনের প্রসারণ সমর্থন করার মাধ্যমে, যার মধ্যে রয়েছে এমন ডিস্ট্রিক্ট যেখানে বর্তমানে কোন প্রাক-কিন্ডারগার্টেন আসন নেই। উপরন্তু, যে সমস্ত জেলা সমন্বিত সেটিংস এবং প্রোগ্রামে প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তি নিশ্চিত করে, তাদের অগ্রাধিকার দেওয়া হবে এবং তাদের বলা হবে কমিউনিটি ভিত্তিক অংশীদারিত্ব সর্বাধিক করতে।

প্রস্তাবনার অনুরোধ পাওয়া যায় এখানে আর আবেদনপত্র গ্রহণ করা হবে 18 সেপ্টেম্বর 2019, 2019 পর্যন্ত।

রিজেন্টস বোর্ডের (Board of Regents) চ্যান্সেলর বেটি এ. রোজা বলেন, "প্রাথমিক শিক্ষা সব শিশু, সকল পরিবার এবং সমাজকে উপকৃত করে সার্বিকভাবে। ইকুইটি এবং প্রিকিন্ডারগার্টেন শ্রেণিকক্ষে অন্তর্ভুক্তির মাধ্যমে আমরা সারা জীবনের শিক্ষাগত এবং সামাজিক ও মানসিক সাফল্যের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে সকল নিউ ইয়র্কের শিশুদের সরঞ্জাম এবং সুযোগ প্রদান করার জন্য কাজ করছি।"

প্রদেশের শিক্ষা অধিদপ্তরের (Education Department) কমিশনার মেরিএলেন এলিয়া বলেছেন, "প্রারম্ভিক শৈশব প্রোগ্রাম, বিশেষ করে প্রাক-কে, পরবর্তী গ্রেডে ছাত্রদের ফলাফলে সহায়তা করে, আমাদের কনিষ্ঠ শিক্ষার্থীদের এক অসাধারণ সূচনা প্রদান করে। এই প্রোগ্রামগুলো অনেক শিশুর জন্য একটি পার্থক্য তৈরি করছে, এবং এই অনুদান আরো অনেক সুবিধার জন্য দরজা খুলে দিয়েছে। নিউ ইয়র্ক আমাদের শ্রেণীকক্ষে ন্যায় নিশ্চিত করার মাধ্যমে সকল শিক্ষার্থীকে মূল্য দেওয়া, সম্মান করা এবং সফল হওয়ার বিষয়টি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

শিক্ষা সংক্রান্ত সিনেট স্ট্যান্ডিং কমিটির (Senate Standing Committee on Education) সভাপতি সিনেটর শেলি মেয়ার বলেন, "আমি রোমাঞ্চিত আমাদের গৃহীত বাজেট তিন এবং চার বছর বয়সী শিশুদের জন্য প্রাক-কিন্ডারগার্টেনের অত্যন্ত প্রয়োজনীয় প্রোগ্রামের জন্য সহায়তা প্রদান করে, বিশেষত আমাদের উচ্চ-প্রয়োজনের স্কুল ডিস্ট্রিক্টগুলিতে। এর পক্ষে বহু প্রমাণ আছে যে শৈশবের শিক্ষায় বিনিয়োগ সব চেয়ে বুদ্ধিমান এবং দীর্ঘস্থায়ী বিনিয়োগ যা আমরা করতে পারি এবং করা উচিত। উচ্চ মানের শৈশব শিক্ষা শিশুদের সামাজিক-আবেগগত অভিজ্ঞতা প্রদান করে যা তাদের প্রয়োজন এবং সারা জীবন উন্নতিলাভের জন্য প্রাপ্য। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই আমাদের সন্তানদের প্রতি তার চলমান অঙ্গিকারবদ্ধতার জন্য এবং শৈশব শিক্ষার প্রারম্ভিক গুরুত্বকে স্বীকৃতি প্রদানের জন্য।"

গভর্নর কুওমো তার বাজেট প্রস্তাবের অংশ হিসেবে জানুয়ারিতে প্রথম এই উদ্যোগের কথা ঘোষণা করেন এবং এটি 2020 অর্থবছরে প্রণীত হয়। জেলাগুলির জন্য অর্থায়ন বার্ষিক নবায়ন করা হবে, এই শর্তে যে প্রোগ্রামগুলি সব প্রোগ্রামের প্রয়োজনীয়তা পূরণ করে এবং মান মূল্যায়নের সূচক অবলম্বন করে পরিবেশ, কর্মী-ছাত্র যোগাযোগ এবং ছাত্রের ফলাফল পরিমাপ করার জন্য। রাজ্য

শিক্ষা দফতর (State Education Department), যারা এই অনুদান পরিচালনা করবে, তারা আশা করে পরে এই শরতে প্রদানের ঘোষণা করতে পারবে।

প্রাক-কিন্ডারগার্টেনের মাধ্যমে কম বয়সে প্রাপ্ত শিক্ষা অর্জনের মধ্যে তফাতগুলি মুছে দিতে পারে এবং একদম তারুণ্যের প্রাথমিক স্তর থেকে প্রাপ্তবয়স্কতার সম্পূর্ণ সময় পর্যন্ত সুবিধা প্রদান করতে পারে। জাতীয় কমবয়সী শিক্ষা গবেষণা ইনস্টিটিউট (National Institute for Early Education Research) এর গবেষণায় দেখা গেছে যে যে সব শিশু কম বয়সে উচ্চমানের শিক্ষা প্রোগ্রামে অংশগ্রহণ করে, শৈশব থেকে 21 বছর পর্যন্ত তাদের কগনিটিভ পরীক্ষার স্কোর অপেক্ষাকৃত বেশি হয়, পাঠ এবং গণিত উভয় ক্ষেত্রে তাদের শিক্ষাগত অর্জন তুলনামূলকভাবে বেশি হয়, এবং তাদের চার-বছর মেয়াদী কলেজে যাওয়া ও সফলভাবে চাকরি পাওয়ার সম্ভাবনা বেশি হয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন